ম্যানইউকে গোলবন্যায় ভাসিয়ে নতুন রেকর্ড লিভারপুলের

বিগত কিছুদিন ধরে পুরোনো রূপে ফেরার ইঙ্গিত দিয়েছিলো ম্যানচেস্টার ইউনাইটেড। আগের সপ্তাহেই জিতলো লিগ কাপের শিরোপা। তবে এরপর যে অ্যানফিল্ডে এসে এভাবে বিধ্বস্ত হতে হবে লিভারপুলের কাছে সেটি হয়তো ভাবেননি ম্যানইউ কোচ এরিক টেন হাগ। অ্যানফিল্ডে আসার আগে বলেছিলেন মাঠ কোনো ব্যাপার না, খেলাটাই আসল। তবে অ্যানফিল্ডে এসে বুঝলেন কেন এই মাঠকে প্রতিপক্ষের ত্রাস বলা হয়। কোডি গাকপো, ডারউইন নুনেজ ও মোহাম্মদ সালাহর জোড়া গোলে ম্যানইউকে ৭-০ গোলে বিধ্বস্ত করেছে লিভারপুল।

নিজেদের এই জয়ে ইংলিশ ফুটবলের সবচেয়ে সফল দুটি ক্লাবের মধ্যে পরাজয়ের নতুন রেকর্ড সৃষ্টি করেছে ইয়ুর্গেন ক্লপের লিভারপুল। ম্যাচ শেষে উচ্ছসিত ক্লপ বলেন, ‘দীর্ঘদিন পর এটা আমাদের অন্যতম একটি সেরা পারফরম্যান্স। সবাই দেখেছে ছেলেরা কি করতে পারে। প্রথমার্ধটা ভাল কাটেনি। কিন্তু দ্বিতীয়ার্ধে আমাদের বিপক্ষে খেলাটা ইউনাইটেডের জন্য কঠিন হয় পড়েছিল।’

সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে ২৩ ম্যাচে মাত্র দ্বিতীয় পরাজয়ে কার্যত এক দশক পরে ইউনাইটেডের লিগ শিরোপা জয়ের স্বপ্ন অনেকটাই শেষ করে দিয়েছে। এখনো তৃতীয় স্থানে থাকা ইউনাইটেড টেবিলের শীর্ষে থাকা আর্সেনালের তুলনায় ১৪ পয়েন্ট পিছিয়ে রয়েছে।

কিন্তু মূল কথা হচ্ছে ১৯৩১ সালের পর প্রতিদ্বন্দ্বীতামূলক কোন ম্যাচে সবচেয়ে বড় পরাজয়ে ইউনাইটেডের সম্মানহানির বিষয়টি এখন সামনে চলে এসেছে। এই ধরনের পরাজয়ের রেশ সাধারনত দীর্ঘদিন রয়ে যায়। এর থেকে বেরিয়ে আসাটাও সহজ নয়।

ইউনাইটেড বস এরিক টেন হাগ বলেছেন, ‘ফলাফল বেশ স্পষ্ট, এটা অপেশাদার। আজ অনেক বিষয় ঘটেছে যা আমাকে রাগান্বিত করেছে। সহজ গোল হজম করা যার মধ্যে অন্যতম।’

বিশাল এই জয়ে চতুর্থ স্থানে থাকা টটেনহ্যামের থেকে পয়েন্টের ব্যবধান কমিয়ে তিনে নামিয়ে এনেছে লিভারপুল। হাতে রয়েছে বাড়তি একটি ম্যাচ। গত মৌসুমে দুই লিগ ম্যাচ মিলিয়ে ক্লপের দল ইউনাইটেডের বিপক্ষে ৯-০ ব্যবধানে জয়ী হয়েছিল। কিন্তু এবারের

মৌসুমে শুরুতেই জয় তুলে নিয়েছিল রেড ডেভিলসরা। আগস্টে ২-১ গোলে জয়ী হয়েছিল ইউনাইটেড। ইউনাইটেডের বস হিসেবেই সেটাই টেন হাগের প্রথম জয় ছিল। তবে ফিরতি লেগে যে অলরেডদের কাছে এভাবে বিধ্বস্ত হতে হবে সেটি হয়তো তখন কল্পনাতেও আনেননি টেন হাগ।

এদিকে আগের সপ্তাহে ঘরের মাঠে রিয়াল মাদ্রিদের কাছে চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর প্রথম লেগে ৫-২ গোলে বিধ্বস্ত হয়ে বিদায়ের মুখে রয়েছে লিভারপুল। তারপরই চিরপ্রতিদ্বন্দ্বীদের উড়িয়ে দেওয়া এমন পারফরম্যান্স। ক্লপ বলেন, ‘সবাই আমাদের জন্য অনুভব করে। সবাই জানে এখনো আমরা অনেক কিছুই করে দেখাতে পারি। আর এই মুহূর্তে আমরা এটাই প্রমান করে চলেছি।’

২০১৬ সালের পর থেকে অ্যানফিল্ডে জিততে পারেনি রেড ডেভিলরা। এবারো সেই অ্যানফিল্ডেই হতাশ হতে হলো ইউনাইটেডকে। বিরতির দুই মিনিট আগে গাকপোর হাত ধরে গোলের দরজা উন্মুক্ত হয়। এরপর আর পিছনে ফিরে তাকাতে হয়নি। ৪৩ মিনিটে এন্ডি রবার্টসন ইউনাইটেডের রক্ষনভাগকে ফাঁকি দিয়ে ডাচ স্ট্রাইকার গাকপোর দিকে বল বাড়িয়ে দেন। কোনাকুনি শটে গাকপো এগিয়ে দেন লিভারপুলকে।

দ্বিতীয়ার্ধের শুরুতেই লিভারপুলের নতুন সাজানো আক্রমণভাগ শেষ পর্যন্ত জ্বলে ওঠে। হার্ভি এলিয়টের ক্রস থেকে উরুগুইয়ান নুনেজ ৪৭ মিনিটে ব্যবধান দ্বিগুন করেন। তিন মিনিট পর কাউন্টার এ্যাটাক থেকে ডেভিড ডি গিয়াকে পরাস্ত করে গাকপো নিজের দ্বিতীয় গোল করেন।

ম্যাচের ৬৬ মিনিটে নুনেজের থ্রু বল থেকে সালাহ গোল করলে ব্যবধান বেড়ে দাঁড়ায় ৪-০। জর্ডান হেন্ডারসনের ক্রস থেকে একেবােওর ফাঁকায় দাঁড়ানো নুনেজ হেডের সাহায্যে নিজের দ্বিতীয় গোল করেন। ৮৩ মিনিটে ইউনাইটেডের বিচ্ছিন্ন রক্ষণভাগকে সহজেই কাটিয়ে সালাহ নিজের দ্বিতীয় গোল করেন। লিভারপুলের বিদেশী খেলোয়াড় হিসেবে প্রিমিয়ার লিগে সর্বোচ্চ ১২৯ গোল করলেন মিশরীয় এই তারকা।

সালাহ বলেন, ‘মিথ্যা বলবো না, এটা আমার জন্য সত্যিই বিশেষ এক অর্জন। এখানে আসার পর থেকে এই রেকর্ড আমার মাথায় ছিল। প্রথম মৌসুম থেকেই আমি এই রেকর্ডের পিছনে ছুটেছি। ’

বদলি নেমে ৮৮ মিনিটে দলের হয়ে সপ্তম গোলটি করেন রবার্তো ফিরমিনো। শেষ পর্যন্ত ৭-০ গোলে বিধ্বস্ত হয়েই চিরপ্রতিদ্বন্দ্বীদের মাঠ থেকে ঘরে ফিরতে হয় ম্যানইউকে।

সূত্র: ইত্তেফাক

শেষ মুহুর্তের গোলে নাটকীয় জয় আর্সেনালের

নাটকীয় ম্যাচে দুই গোলে পিছিয়ে পড়েও রেইস নেলসনের স্টপেজ টাইমের গোলে বোর্নমাউথকে ৩-২ গোলে হারিয়েছে আর্সেনাল। দিনের আগের ম্যাচেই নিউক্যাসলকে ২-০ গোলে হারিয়ে টেবিলের শীর্ষে থাকা আর্সেনালের সঙ্গে পয়েন্ট ব্যবধান কমিয়ে এনেছিল বর্তমান চ্যাম্পিয়ন ম্যানচেস্টার সিটি। কিন্তু পরের ম্যাচেই জিতে পয়েন্ট ব্যবধান আবারো ৫-এ নিয়ে গেছে আর্সেনাল।

ঘরের মাঠ এমিরেটস স্টেডিয়ামে ৬২ মিনিট পর্যন্ত মিকেল আর্তেতার আর্সেনাল ২-০ গোলে পিছিয়ে ছিল। কিন্তু গানার্সরা আরো একবার প্রমাণ করেছে চাপের মধ্যে থেকেও কিভাবে ফিরে আসা যায়। ম্যাচ শেষে আর্তেতা বলেন, ‘আমি সত্যিই দারুণ খুশী। এটা দুর্দান্ত এক ম্যাচ ছিল। বিশেষ এই জয়ে আমরা এগিয়ে থাকলাম। জয়ের জন্য শেষ সেকেন্ড পর্যন্ত অপেক্ষা করতে হয়েছে।’

ম্যাচ শুরুর ৯.১১ সেকেন্ডের মধ্যে তলানির দ্বিতীয় দল বোর্নমাউথকে এগিয়ে দেন ফিলিপ বিলিং। তখনও একবারও বল স্পর্শ করেনি আর্সেনাল। ২০১৯ সালে ওয়াটফোর্ডের বিরুদ্ধে ৭.৬৯ সেকেন্ডে গোল করে প্রিমিয়ার লিগের ইতিহাসে সবচেয়ে দ্রুততম গোলের রেকর্ড করেছিলেন শেন লং। কাল বিলিং করেছেন লিগের দ্বিতীয় দ্রুততম গোল। ৫৭ মিনিট কর্ণার থেকে মার্কোস সেনেসির ব্যবধান দ্বিগুন করেন।

ম্যাচের ৬২ মিনিটে এমিলে স্মিথ রোয়ের হেড থেকে বল পেয়ে আর্সেনালের হয়ে এক গোল পরিশোধ করেন থমাস পার্টে। ৭০ মিনিটে নেলসনের ক্রস থেকে বেন হোয়াইটের শক্তিশালী ফিনিশিংয়ে সমতায় ফেরে আর্সেনাল। ইনজুরি টাইমের সপ্তম মিনিটে নেলসনের ২০ গজের দূরপাল্লার শটের গোলে পুরো এমিরেটস স্টেডিয়াম উল্লাসে ফেটে পড়ে।

শেষ পর্যন্ত ৩-২ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে গানাররা। এই জয়ে ২৬ ম্যাচে ৬৩ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষস্থানেই থাকলো মিকেল আর্তেতার শিষ্যরা। আর নিউক্যাসলকে হারানোর পরও সপমান সংখ্যক ম্যাচে ৫ পয়েন্টে পিছিয়ে থেকে টেবিলের দুইয়ে সিটিজেনরা।

সূত্র: ইত্তেফাক

মোহামেডানেই থাকছেন সাকিব

ঢাকা প্রিমিয়ার লিগের (ডিপিএল) এবারের আসর শুরু হতে যাচ্ছে আগামী ১৫ মার্চ। আসন্ন এ টুর্নামেন্ট উপলক্ষ্যে গুঞ্জন উঠেছিলো এবার আবাহনী লিমিটেডের হয়ে খেলবেন সাকিব আল হাসান। যদিও পরবর্তীতে এক ভিডিও বার্তায় মোহামেডান স্পোর্টিং ক্লাব কর্তৃপক্ষ জানিয়েছিলো তাদের দলেই খেলবেন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

শনিবার (৪ মার্চ) সব গুঞ্জন উড়িয়ে মোহামেডানের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি সম্পন্ন করেছেন সাকিব আল হাসান। সকাল সাড়ে ১০টায় মিরপুর শের-ই বাংলার সিসিডিএম কার্যালয়ে আসেন এই ক্রিকেটার। সেখানে মোহামেডানে খেলার জন্যই আনুষ্ঠানিক কার্যক্রম সেরেছেন তিনি। চুক্তি শেষে সংবাদমাধ্যমের পক্ষ থেকে কথা বলার চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। ঢাকা প্রিমিয়ার লিগের গত আসরেও মোহামেডান স্পোর্টিং ক্লাবের হয়ে খেলেছিলেন সাকিব।

ঢাকা প্রিমিয়ার লিগের ঐতিহ্যবাহী এ ক্লাবে আগেই চুক্তিবদ্ধ হয়েছেন মাহমুদউল্লাহ রিয়াদ, ইমরুল কায়েস, শুভাগত হোম, সৌম্য সরকার, রনি তালুকদার।

আগামী ১৫ মার্চ থেকে মাঠে গড়াতে যাচ্ছে ডিপিএলের এবারের আসর। টুর্নামেন্ট শুরুর আগে চলছে দলবদল। যেখানে পছন্দের ক্রিকেটারদের নিয়ে স্কোয়াড বানাতে শুরু করেছে দলগুলো।

সূত্র: ইত্তেফাক

# [redacted]

[redacted]

[redacted]

[

বুধবার (১ মার্চ) রাতে বাংলাদেশ ও ইংল্যান্ডের প্রথম ওয়ানডে শেষ হওয়ারপর টি-টোয়েন্টি সিরিজের প্রথম ২ ম্যাচের জন্য দল ঘোষণা করে বিসিবি। ১৫ সদস্যের দলে নতুন মুখ হিসেবে ডাকা পেয়েছেন সদ্য সমাপ্ত বিপিএলে দুর্দনাত পারফর্ম করা তৌহিদ হৃদয়, রেজাউর রহমান রাজা ও তানভীর ইসলাম। দলে ফিরেছেন শামীম হোসেন। এছাড়া প্রায় ৮ বছর পর আবারও জাতীয় দলে ডাক পেয়েছেন রনি তালুকদার।

সদ্য সমাপ্ত বিপিএলের দুর্দান্ত পারফরম্যান্সই এইসব ক্রিকেটারের জন্য জাতীয় দলের দরজা খুলে দিয়েছে। বিপিএলে সিলেট স্ট্রাইকার্সের হয়ে রানের ফোয়ারা ছুটিয়েছেন তৌহিদ হৃদয়, তারপরেই ডাক পেয়েছেন ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে দলে, এবার পেলেন টি-টোয়েন্টি দলেও।

সিলেটে হৃদয়ের সতীর্থ রাজা যখনই সুযোগ পেয়েছেন তখনই দুর্দান্ত বোলিং করেছেন, আর কুমিল্লা ভিক্টোরিয়ান্সের হয়ে টুর্নামেন্টের সর্বোচ্চ উইকেট শিকারি হয়েছেন তানভীর।

এদিকে, বিপিএল ব্যাট হাতে রানের ফুলঝুরি ছুটিয়েছেন রনি তালুকদার। রংপুর রাইডার্সের হয়ে ৪২৫ রান করে টুর্নামেন্টের দ্বিতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক তিনি। এমন পারফরম্যান্সেই অনেকদিন পর জাতীয় দলের দরজা খুলল তার। রনির সতীর্থ শামীমও এবার দুর্দান্ত ব্যাটিং করেছেন বিপিএলজুড়ে, সেই পারফরম্যান্সের পুরষ্কারও পেয়েছেন ◌েই ব্যাটার।

অন্যদিকে, টি-টোয়েন্টি সিরিজের জন্য ঘোষিত এই দলে বাদ পড়েছেন সৌম্য সরকার, ইয়াসির রাব্বি, মোসাদ্দেক হোসেন সৈকত, শরীফুল ইসলাম ও এবাদত হোসেন চৌধুরী।

আগামী ৯ মার্চ চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচ। পরের দুই ম্যাচ হবে ১২ ও ১৪ মার্চ ঢাকায়।

বাংলাদেশ টি-টোয়েন্টি দল: সাকিব আল হাসান, লিটন কুমার দাস, নাজমুল হোসেন শান্ত, তৌহিদ হৃদয়, আফিফ হোসেন ধ্রুব, শামীম পাটোয়ারী, মেহেদি হাসান মিরাজ, মুস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ, হাসান মাহমুদ, নাসুম আহমেদ, তানভীর ইসলাম, নুরুল হাসান সোহান, রনি তালুকদার, রেজাউর রহমান রাজা।

সূত্র: ইত্তেফাক

# [redacted]

[redacted]

করেন মাহমুদউল্লাহ রিয়াদ। ৩২ বলে ২৩ রান করেন ওপেনার তামিম ইকবাল। ১২ বলে ৮ রানে ফেরেন সাকিব।

টস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ

ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচ ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। চন্ডিকা হাথুরুসিংহের দ্বিতীয় মেয়াদের প্রথম পরীক্ষার মাঠে নামতে প্রস্তুত টিম টাইগার্স।

মিরপুরের শের -ই-বাংলা জাতীইয় ক্রিকেট স্টেডিয়ামে আজ দুপুর ১২টায় ইংলিশদের মুখোমুখি হবে বাংলাদেশ। টস জিতে থ্রি লায়নসদের বোলিংয়ে আমন্ত্রণ জানিয়েছে টাইগার অধিনায়ক তামিম ইকবাল।

প্রায় সাত বছর পর বাংলাদেশ সফরে এসেছে ইংল্যান্ড। সর্বশেষ ২০১৫ বিশ্বকাপ পরবর্তী সময়ে ভারত, পাকিস্তান বা দক্ষিণ আফ্রিকার মতো জায়ান্টদের হারালেও আক্ষেপ হয়ে রয়েছে এই ইংলিশ বধ। সর্বশেষ সিরিজে ২-১ ব্যবধানে হেরেছিলো বাংলাদেশ।

সাত বছর পর আবার থ্রই লায়নসরা এসেছে বাঘের ডেরায়। এবার অবশ্য আরো শক্তিশালী ইংল্যান্ড, বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন তারা। ওয়ানডে, টেস্ট বা টি-টোয়েন্টি সব ফরম্যাটেই আক্রমণাত্মক ক্রিকেটের পসরা সাজিয়ে যে কোনো দলের জন্য হুমকি হয়ে উঠেছে জস বাটলারের দল।

এদিকে, ঘরের মাঠে বাংলাদেশকে হেলাফেলা করা যাবে না কোনোভাবেই। ঘরের মাঠে সর্বশেষ সাত ওয়ানডে সিরিজেই জয়। তামিম ইকবালের দল নিয়ে তাই বেশ সাবধানীই থাকবে ইংলিশরা।

ভারতের বিপক্ষে সর্বশেষ সিরিজে ইনজুরির কারণে দলে ছিলেন না নিয়মিত অধিনায়ক তামিম ইকবাল। ইংল্যান্ড সিরিজ দিয়ে ফের মাঠে নামছেন টাইগারদের নিয়মিত অধিনায়ক। এছাড়া এই সিরিজ দিয়ে ওয়ানডে একাদশে ফিরছেন তাইজুল ইসলাম। আজ প্রথম ম্যাচে মাঠেও নামছেন তাইজুল। তবে, বিপিএলে সাড়া জাগিয়ে বাংলাদেশে দলে দাক পাওয়া

তৌহিদ হৃদয়কে প্রথম ম্যাচে সাইড বেঞ্চেই কাটাতে হচ্ছে।

বাংলাদেশ একাদশ: তামিম ইকবাল (অধিনায়ক), লিটন দাস, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ, আফিফ হোসেন, মেহেদি হাসান মিরাজ, তাসকিন আহমেদ, তাইজুল ইসলাম, মুস্তাফিজুর রহমান।

ইংল্যান্ড একাদশ: জস বাটলার (অধিনায়ক), জেসন রয়, ফিল সল্ট, ডেভিড মালান, জেমস ভিন্স, মঈন আলী, উইল জ্যাকস, ক্রিস ওকস, আদিল রশিদ, জোফরা আর্চার, মার্ক উড।

সূত্র: ইত্তেফাক

মেসির হাতেই ‘ফিফা দ্য বেস্ট’

৩৬ বছরের অপেক্ষা শেষে বিশ্বকাপ জিতিয়েছেন আর্জেন্টিনাকে। ২০২২ সালের ফিফা দ্য বেস্ট পুরস্কার যে লিওনেল মেসির হাতে উঠতে যাচ্ছে সেটি যেন অনুমিতই ছিলো। অনুষ্ঠানের আগেই ফাঁস হয়ে গিয়েছিলো নামও। অবশেষে সব জল্পনা-কল্পনার ইতি টেনে দ্বিতীয়বারের মতো ফিফা দ্য বেস্ট পুরস্কার উঠলো মেসির হাতেই।

প্রস্তুত ছিল মঞ্চ, উপস্থিত ছিলেন মেসি। অপেক্ষা শুধু আনুষ্ঠানিক নাম ঘোষণার। অবশেষে এলো সেই ক্ষণ। বাকি ছিল শুধু আনুষ্ঠানিকতার। অপেক্ষার প্রহর শেষে আসলো সেই মাহেন্দ্রক্ষণ। সোমবার (২৭ ফেব্রুয়ারি) দিবাগত রাতে প্যারিসে ‘দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ডসে’ ফিফা দ্য বেস্ট বিজয়ী হিসেবে মেসির নাম ঘোষণা করলেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনো। মঞ্চে উঠলেন ক্ষুদে জাদুকর। দ্বিতীয়বারের মত হাতে তুললেন ফিফা দ্য বেস্টের ট্রফি।

ফিফ দ্য বেস্টে মেসির প্রতিদ্বন্দ্বী ছিলেন দুই ফরাসি কিলিয়ান এমবাপ্পে ও করিম বেনজেমা। তবে বিশ্বকাপের সোনার পালক মাথায় নিয়ে প্যারিসে এসেছিলেন মেসি, এবার সবচেয়ে যোগ্য দাবিদার ছিলেন আর্জেন্টাইন মহাতারকা। এমবাপ্পে ও বেনজেমাকে পেছনে ফেলে বর্ষসেরা

ফুটবলার হলেন মেসি।

এই নিয়ে দ্বিতীয়বারের মতো ফিফা দ্য বেস্ট পুরষ্কার জিতলেন মেসি। তবে ব্যালন ডি’অর ও ফিফার সম্মিলিত পুরস্কার হিসেব করলে সংখ্যাটা
৭। ১৯৯১ থেকে বিভিন্ন নামে বর্ষসেরা ফুটবলারের পুরস্কার দিয়ে আসছে বিশ্ব ফুটবলের সর্বোচ্চ সংস্থাটি। শুরু থেকে ২০০৯ পর্যন্ত ‘ফিফা ওয়ার্ল্ড প্লেয়ার অব দ্য ইয়ার’ নামের পুরস্কার একবার জেতেন মেসি।

পরের ছয় বছর ফরাসি ম্যাগাজিন ‘ফ্রান্স ফুটবল’ আর ফিফা মিলে দেয় ফিফা ডি’অর। এই পুরস্কারটি মেসি জেতেন ৪ বার। এরপর ২০১৯ সালে ‘ফিফা দ্য বেস্ট’ নাম দেয় ফিফা, এই নিয়ে যেটি দ্বিতীয়বার জিতলে মেসি। তবে আগের প্রত্যেকবারের চেয়ে এবারেরটা অনেক বেশি স্পেশ্যাল মেসির কাছে। এবারেরটা যে পেয়েছেন দেশকে কাঙ্ক্ষিত বিশ্বকাপ শিরোপা এনে দেওয়ার স্বীকৃতিস্বরূপ।

ফিফা দ্য বেস্ট জিতে নিজের অনুভূতি ব্যক্ত করতে গিয়ে লিওনেল মেসি বলেন, বছরটা আমার জন্য দারুণ ছিল। অনেক ত্যাগের পর স্বপ্নপূরণ হয়েছে। খুব কম খেলোয়াড়ই এই স্বপ্ন পূরণ করতে পারে এবং আমি তা পেরেছি। নিজের পরিবার ও আর্জেন্টিনার মানুষদের ধন্যবাদ জানাই।

শুধু মেসি নয়, প্যারিসে ‘দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ডস’র জমকালো আয়োজনে এবার অনেকটা আলো কেড়ে নিয়েছেন আর্জেন্টাইনরা। সেরা গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ ও সেরা কোচ লিওনেল মেসির ট্রফিও গেছে আর্জেন্টিনার ঘরেই।

এদিকে, টানা দ্বিতীয়বারের মতো ফিফার বর্ষসেরা নারী ফুটবলারের পুরস্কার জেতেন অ্যালেক্সিয়া পুতেয়াস। যুক্তরাষ্ট্রের অ্যালেক্স মর্গান ও ইংল্যান্ডের বেথ মিডকে হারিয়ে বর্ষসেরার খেতাব জেতেন স্পেন ও বার্সা মিডফিল্ডার।

# [redacted]

[redacted] [redacted] [redacted] (2021) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

চারটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গার আয়োজনে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ শরীয়ত উল্লাহ সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলা ও সুস্থ সংস্কৃতি চর্চা ছাত্র-ছাত্রীদের অনন্য মানুষে পরিণত করে। ভালো শিক্ষার্থী হওয়ার পাশাপাশি ভালো মানুষ হতে হলে খেলাধুলার বিকল্প নেই৷ মানবিক মূল্যবোধ সমৃদ্ধ উন্নত জাতি গড়তে সুস্থ সাংস্কৃতিক চর্চা ও ক্রীড়াঙ্গনেও দক্ষ হতে হবে।তিনি আরও বলেন, খেলায় যেমন প্রতিযোগিতা রয়েছে তেমনি রয়েছে মানুষ হিসেবে প্রয়োজনীয় গুনাবলী অর্জনের সুযোগ। তোমাদের সেই গুনাবলী অর্জন করতে হবে।

চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চারটি দলের অংশগ্রহণে নকআউট পর্বে ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ও চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ অংশগ্রহণ করে। চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ চ্যাম্পিয়ান লাভ করেন ও চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ রানার্সআপ হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ।